



বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সরকার, ঢাকা

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** সরকারি চাকরি

## Job Summary

**Posted On:** 3 Dec 2024

**Application Deadline:** 25 Dec 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা ও দায়রা জজের কার্যালয়  
ঝালকাঠি।

www.jhalokati.judiciary.gov.bd

স্মারক নং- ৪৮৮

তারিখঃ- ২৭/১১/২০২৪ খ্রি.

**নিয়োগ বিজ্ঞপ্তি**

ঝালকাঠি জেলা জজ আদালতের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে উপযুক্ত প্রার্থী বাছাই এর নিমিত্ত নিম্নলিখিত শর্তাবলী পূরণসাপেক্ষে পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সাঁটমুদ্রাফরিক-কাম- কম্পিউটার অপারেটর	০৩টি	১০২০০-২৪৬৮০/-	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ শব্দ সাঁটলিপি ও ৩০ শব্দ টাইপকরণ ও বাংলায় প্রতি মিনিটে ৪৫ শব্দ সাঁটলিপি ও ২৫ শব্দ টাইপকরণ এর যোগ্যতাসম্পন্ন।
২	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	০৪টি	৯৩০০-২২৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০ শব্দ টাইপ করার যোগ্যতাসম্পন্ন।
৩	জারীকারক	০২টি	৮৫০০-২০৫৭০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪	অফিস সহায়ক	০৪টি	৮২৫০-২০০১০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

**শর্তাবলীঃ**

- ০১) সকল প্রার্থীকে সরকারি নির্দিষ্ট আবেদন ফরম (সরকারি নির্দিষ্ট আবেদন ফরম না হলে দরখাস্ত ত্রুটিপূর্ণ বলে বিবেচিত হবে) এ স্বহস্তে পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারীর বরাবর ও দপ্তরে আগামী ২৫/১১/২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। উক্ত আবেদন ফরম [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।
- ০২) পূরণকৃত আবেদন ফরমের সাথে (ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি ও (খ) প্রবেশপত্র প্রেরণের জন্য প্রার্থীর নিজ নামসহ পূর্ণাঙ্গ ঠিকানা এবং ২০/- টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত (৯.৫" x ৪.৫") সাইজের একটি ফেরত খাম দাখিল করতে হবে।
- ০৩) পূরণকৃত আবেদন ফরমের সাথে ছবি ও ফেরত খামসহ যোগ্যতা প্রমাণের যাবতীয় সনদের সত্যায়িত ফটোকপি, নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, স্থানীয় ইউনিয়ন চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য যে শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে, কোন প্রার্থী আবেদনপত্র দাখিল করার পূর্বে চাহিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকলে তা দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করতে হবে, অন্যথায় নিয়োগ প্রাপ্তির পর অতিরিক্ত সনদপত্র গ্রহণযোগ্য হবে না। মৌখিক পরীক্ষার সময় মূল কাগজপত্র সাথে আনতে হবে।
- ০৪) ২৫/১১/২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৫) চাকুরিরত/বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিধি মোতাবেক আবেদন করতে হবে।
- ০৬) সরকার কর্তৃক জারীকৃত বিধিবিধান অনুযায়ী সকল কোটা সংরক্ষণ করা হবে।
- ০৭) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধিবিধানে কোন সংশোধন/পরিবর্তন সাধিত হলে তা অনুসরণ করা হবে।
- ০৮) আবেদনপত্রের খামের উপরিভাগে পদ, নিজ জেলা এবং কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) লিখতে হবে।
- ০৯) যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রবেশপত্রের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। লিখিত পরীক্ষার ফলাফল, মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় জেলা জজ আদালত, ঝালকাঠি এর নোটিশ বোর্ডে নোটিশের মাধ্যমে জানানো হবে।
- ১০) লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- ১১) ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা বাড়ানো কিংবা কমানোর এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই এই বিজ্ঞপ্তি আংশিক কিংবা সম্পূর্ণরূপে বাতিল কিংবা স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৩) যে কোন তদবিবরণ/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৫) বিগত ২৫/১০/২০২৩ খ্রিঃ তারিখের ১০৪ নং স্মারক মাধ্যমে প্রচারিত বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের বিপরীতে যারা দরখাস্ত দাখিল করেছে তাদের পুনরায় দরখাস্ত করার প্রয়োজন নেই।
- ১৬) বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুনঃ [www.jhalokati.judiciary.gov.bd](http://www.jhalokati.judiciary.gov.bd)

(মোঃ আমিনুল ইসলাম)

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি  
অতিরিক্ত জেলা ও দায়রা জজ  
ঝালকাঠি।